# ডিক্রি জারি সংক্রান্ত আইন

(সর্বশেষ মহামান্য উচ্চ আদালতের রুলিংসহ)


জাকির উদ্দিন আহাম্মদ
অ্যাডভোকেট
বাংলাদেশ সুপ্রীম কোর্ট


রহিম ল' বুক হাউজ

## সূচিপত্র

### প্রথম অধ্যায়

### ডিক্রি জারি


পৃষ্ঠা নং

ডিক্রি জারি বলতে কি বুঝায়? ২১

ডিক্রি জারির বিধানাবলী ২১

ডিক্রি জারিতে কোন কোন সম্পত্তি ক্রোক করা যায় ২২


### দ্বিতীয় অধ্যায়

### ডিক্রি জারি সংক্রান্ত দেওয়ানি কার্যবিধির ধারাসমূহ

দ্বিতীয় খণ্ড (PART II)

জারি (Execution)

সাধারণ (General)


ধারা ৩৬। আদেশ জারী (Application to orders) ২৫

ধারা ৩৭। ডিক্রীদানকারী আদালতের সংজ্ঞা (Definition of Court which passed a decree) ২৭

**যে সকল আদালত ডিক্রী জারী করিতে পারেন (Courts by which Decrees may be Executed)**

ধারা ৩৮। যে আদালত দ্বারা ডিক্রী জারী হইতে পারে (Court by which decree may be executed) ৩০

ধারা ৩৯। ডিক্রী স্থানান্তরকরণ (Transfer of decree) 35

ধারা ৪০। বিলুপ্ত করা হইয়াছে। (Omitted) 36

ধারা ৪১। জারী কার্যক্রমের ফলাফল অবহিত করিতে হইবে (Result of execution proceeding to be certified) ৩৬

ধারা ৪২। স্থানান্তরিত ডিক্রী জারীকরণে আদালতের ক্ষমতা Powers of Court in executing transferred decree) ৪০

ধারা ৪৩। বৃটিশ আদালতের ডিক্রী অন্যত্র জারী. (Execution of decrees passed by British Courts in places to which this part does not extend or in foreign territory) ৪৩

ধারা ৪৪। বাতিল হইয়াছে। (Omitted) ৪৩

ধারা ৪৪ক। সমঝোতাকারী অঞ্চলের আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রী জারি (Execution of decrees passed by Courts in the United Kingdom and other receiprocating territory) ৪৪
ধারা ৪৫। বাতিল করা হইয়াছে। (Omitted) ৫০
ধারা ৪৬। ডিক্রী জারীর অনুরোধ (Precepts) ৫০
ধারা ৪৭। বাতিল করা হইয়াছে। (Omitted) 54

**Limit of Time for Execution (ডিক্রী জারীর সময়ের মেয়াদ)**

ধারা ৪৮। কতিপয় ক্ষেত্রে তামাদি (Execution barred in certain cases) ৫৪

**হস্তান্তরসূত্রে প্রাপক ব্যক্তি ও বৈধ প্রতিনিধি (Transferees and Legal Representatives)**

ধারা ৪৯। হস্তান্তরসূত্রে প্রাপক ব্যক্তি (Transferee) ৬৪
ধারা ৫০। বৈধ প্রতিনিধি (Legal representative) ৬৬

**ডিক্রী জারীর পদ্ধতি (Procedure in Execution)**

ধারা ৫১। ডিক্রী জারী করার ব্যাপারে আদালতের ক্ষমতা (Powers of Court to enforce execution) ৬৯
ধারা ৫২। বৈধ প্রতিনিধির উপর ডিক্রী জারী (Enforcement of decree against legal representative) ৭৭
ধারা ৫৩। পৈত্রিক সম্পত্তির দায় (Liability of ancestral property) ৭৮
ধারা ৫৪। সম্পত্তি বাটোয়ারা বা অংশ পৃথকীকরণ (Partition of estate or separation of share) ৮০

**গ্রেফতার ও আটক (Arrest and detention)**

ধারা ৫৫। গ্রেফতার ও আটক (Arrest and detention) ৮৩
ধারা ৫৬। অর্থের ডিক্রী জারীতে মহিলাকে গ্রেফতারের বিধি নিষেধ (Prohibition of arrest or detention of women in execution of decree for money) 86
ধারা ৫৭। খোরপোষ ভাতা (Subsistence allowance) ৮৯
ধারা ৫৮। আটক ও মুক্তি (Detention and release) 93
ধারা ৫৯। অসুস্থতার দরুন মুক্তি (Release on ground of illness) ৯৪

## ক্রোক (Attachment)

ধারা ৬০। ডিক্রীজারীর জন্য সম্পত্তি ক্রোক ও বিক্রয় (Property liable to attachment and sale in execution of decree) 98

ধারা ৬১। কৃষিজাত দ্রব্যের আংশিক অব্যাহতি (Partial exemption of agricultural produce) ১০৬

ধারা ৬২। বাসগৃহের সম্পত্তি আটক (Seizure of property in dwelling-house) ১০৭

ধারা ৬৩। কতিপয় আদালতের ডিক্রী জারীর দরুন ক্রোক সম্পত্তি (Property Attached in Execution of Decrees of Several Courts) ১০৭

ধারা ৬৪। ক্রোকের পর সম্পত্তির বেসরকারী হস্তান্তর বে-আইনী (Private alienation of property after attachment to be void) ১১২

## বিক্রয় (Sale)

ধারা ৬৫। খরিদ্দারের স্বত্ব (Purchaser's title) ১১৬

ধারা ৬৬। বাদীর পক্ষে নিলাম খরিদ করা হইয়াছে এই অজুহাতে ক্রেতার বিরুদ্ধে মোকদ্দমা চলিবে না (Suit against purchaser not main-tainable on ground of purchase being on behalf of plaintiff) ১১৮

ধারা ৬৭। টাকা পরিশোধের জন্য ডিক্রিজারীতে ভূমি বিক্রয় সম্পর্কে বিধি প্রণয়নে সরকারের ক্ষমতা (Power for Government to make rules as to sales of land in execution of decrees for payment of money) ১২২

## স্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী করার জন্য কালেক্টরকে ক্ষমতা প্রদান Delegation to Collector of Power to Execute Decrees against Immovable Property

ধারা ৬৮। ডিক্রী·জারীর জন্য কালেক্টরের নিকট হস্তান্তর (Power to prescribe rules for transferring to Collector execution of certain decrees) ১২৩

ধারা ৬৯। তৃতীয় তফসিলের বিধান প্রয়োগ (Provisions of Third Schedule to apply) ১২৩

ধারা ৭০। কার্যপদ্ধতি সংক্রান্ত বিধি (Rules of procedure) ১২৪

ধারা ৭১। কালেক্টরের বিচারক হিসাবে কার্য (Collector deemed to be acting judicially) ১২৫

ধারা ৭২। যে ক্ষেত্রে জমি প্রকাশ্য নীলামে বিক্রয় স্থগিত রাখিবার জন্য আদালত কালেক্টরকে ক্ষমতা দিতে পারেন (Where Court may authorise Collector to stay public sale of land) ১২৫

সম্পত্তি বিভাজন (Distribution of Assets)

ধারা ৭৩। নিলাম বিক্রয়লব্ধ অর্থ ডিক্রীদারগণের মধ্যে আনুপাতিক হারে বন্টন করিতে হইবে (Proceeds of execution-sale to be rateably distributed among decree holders) ১২৭

ধারা ৭৪। জারি কার্যে বাধা (Resistance to execution) ১২৯

তৃতীয় অধ্যায়

# ডিক্রি জারি সংক্রান্ত দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এর বিধি ১ থেকে ১০৩

# আদেশ ২১=ডিক্রী ও আদেশ জারি

# ORDER 21

## EXECUTION OF DECREE AND ORDERS

ডিক্রীর টাকা পরিশোধ (Payment under decree)

বিধি ১। ডিক্রীর টাকা পরিশোধের পদ্ধতি (Modes of paying money under decree) ১৩১

বিধি ২। আদালতের বাহিরে ডিক্রীদারকে টাকা পরিশোধ (Payment out of Court to decree-holder) 134

আদালত কর্তৃক ডিক্রী জারি (Courts Executing Decrees)

বিধি ৩। একাধিক আদালতের এখতিয়ারে অবস্থিত জমি (Lands situate in more than one jurisdiction) 138

বিধি ৪। বাতিল হইয়াছে। (Omitted) 139

বিধি ৫। হস্তান্তরের পদ্ধতি (Mode of transfer) ১৩৯

## জারির পদ্ধতি Mode of Execution

বিধি ৩০। টাকা পরিশোধের ডিক্রী (Decree for payment of money) ২০৬
বিধি ৩১। সুনির্দিষ্ট কোন অস্থাবর সম্পত্তির জন্য ডিক্রী (Decree for specific movable property) ২০৭
বিধি ৩২। সুনির্দিষ্ট সম্পাদন, দাম্পত্য অধিকার পুনঃপ্রতিষ্ঠা অথবা নিষেধাজ্ঞা বাবদ ডিক্রী (. Decree for specific performance, for restitution of conjugal rights, or for an injunction) 209
বিধি ৩৩। দাম্পত্য অধিকার পুনঃপ্রতিষ্ঠার জন্য প্রদত্ত ডিক্রীজারির ব্যাপারে আদালতের স্বেচ্ছাধীন ক্ষমতা (Discretion of Court in executing decrees for restitution of conjugal rights.) 223
বিধি ৩৪। কোন দলিল সম্পাদন বা নিগোসিয়েবল ইন্স্ট্রুমেন্টে স্বাক্ষর দানের জন্য ডিক্রী (Decree for execution of document, or endorsement of negotiable instrument) ২২৫
বিধি ৩৫। স্থাবর সম্পত্তির জন্য ডিক্রী (Decree for immovable property) ২২৯
বিধি ৩৬। প্রজার দখলী স্থাবর সম্পত্তি অর্পনের জন্য ডিক্রী (Decree for delivery of immovable property when in occupancy of tenant) ২৩৪

## গ্রেফতারও দেওয়ানি কারাগারে আটক Arrest and Detention in the Civil Prison

বিধি ৩৭। কয়েদে আটক রাখিবার বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্য সাব্যস্ত দেনাদারকে অনুমতি দানের স্বেচ্ছাধীন ক্ষমতা (Discretionary power to permit judgment-debtor to show case against detention in prison) ২৩৫
বিধি ৩৮। গ্রেফতারী পরোয়ানায় সাব্যস্ত দেনাদারকে হাজির করিবার নির্দেশ থাকিবে (Warrant for arrest to direct judgment-debtor to be brought up) ২৪০
বিধি ৩৯। খোরপোষ ভাতা (Subsistence allowance) ২৪১
বিধি ৪০। নোটিশ মোতাবেক অথবা গ্রেফতারের পর সাব্যস্ত দেনাদার আদালতে হাজির হইলে তৎপরবর্তী কার্যক্রম (Proceedings on

appearance of judgment-debtor in obedience to notice or after arrest) ২৪২

## সম্পত্তি ক্রোক Attachment of Property

বিধি ৪১। সম্পত্তি সম্পর্কে সাব্যস্ত দেনাদারের জবানবন্দী গ্রহণ (Examination of judgment-debtor as to his property) 244

বিধি ৪২। যেই ক্ষেত্রে খাজনা বা অন্তর্বতীকালীন মুনাফা বা অন্যবিধ ডিক্রীর টাকার পরিমাণ পরে নির্ধারিত হইবে, সেইক্ষেত্রে ক্রোক (Attachment in case of decree for rent or mesne profits or other matter, amount of which to be subsequently determined) ২৪৪

বিধি ৪৩। সাব্যস্ত দেনাদারের দখলে অবস্থিত কৃষিজাত দ্রব্য ছাড়া অন্যান্য অস্থাবর সম্পত্তি ক্রোক (Attachment of movable property other than agricultural produce, in posse-ssion of judgment-debtor) 245

বিধি ৪৪। কৃষিজাত দ্রব্য ক্রোক (Attachment of agricultural produce) ২৪৭

বিধি ৪৫। ক্রোককৃত কৃষিজাত দ্রব্য সম্পর্কে বিধান (Provisions as to agricultural produce under attachment) 248

বিধি ৪৬। সাব্যস্ত দেনাদারের দখলে নাই, এইরূপ পাওনা টাকা, শেয়ার বা অন্য সম্পত্তি ক্রোক (Attachment of debt, share and other property not in possession of judg-ment-debtor) 250

বিধি ৪৭। অস্থাবর সম্পত্তির অংশ ক্রোক (Attachment of share in movables) 253

বিধি ৪৮। সরকারী কর্মচারী বা রেলপথের কর্মচারী বা স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারীর বেতন বা ভাতাদি ক্রোক (Attachment of salary or allowances of public officer or servant of railway company or local authority) ২৫৫

বিধি ৪৯। অংশীদারী ব্যবসায় সম্পত্তি ক্রোক (Attachment of partnership property) 257

বিধি ৫০। ব্যবসায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে ডিক্রী জারি (Execution of decree against firm) ২৬০

বিধি ৫১। নিগোসিয়েবল, ইন্সট্রুমেন্ট ক্রোক (Attachment of negotiable instruments) ২৬১

বিধি ৫২। আদালত বা সরকারী কর্মচারীর হেফাতে রক্ষিত সম্পত্তি ক্রোক (52. Attachment of property in custody of Court or public officer) ২৬২

বিধি ৫৩। ডিক্রী ক্রোক (Attachment of decree) ২৬৪

বিধি ৫৪। স্থাবর সম্পত্তি ক্রোক (Attachment of immovable property) ২৬৬

বিধি ৫৫। ডিক্রীর দাবী পরিশোধ হইলে ক্রোক প্রত্যাহার (Removal of attachment after satisfaction of decree) ২৭০

বিধি ৫৬। ডিক্রী মোতাবেক পাওনাদার পক্ষকে মুদ্রা অথবা কারেন্সী নোট প্রদানের আদেশ (Order for payment of coin or currency notes to party entitled under decree) ২৭০

বিধি ৫৭। ক্রোক অবসান (Determinaiton of attachment) ২৭১

## দাবি ও আপত্তিসমূহের তদন্ত Investigation of Claims and Objections

বিধি ৫৮। ক্রোক ও ক্রোককৃত সম্পত্তি সম্পর্কে দাবী ও আপত্তি সম্পর্কে তদন্ত (Investigation of claims to, and objections to attachment of, attached property) ২৭৫

বিধি ৫৯। দাবীদার কর্তৃক সাক্ষী উপস্থাপন (Evidence to be adduced by claimant) 291

বিধি ৬০। সম্পত্তির উপর হইতে ক্রোক অপসারণ (Release of property from attachment) 292

বিধি ৬১। ক্রোককৃত সম্পত্তির উপর দাবী প্রত্যাখ্যান (Disallowance of claim to property attached) 293

বিধি ৬২। বন্ধক ইত্যাদি সূত্রে দাবীদারের দাবী সাপেক্ষে ক্রোক বহাল (Continuance of attachment subject to claim of incumbrancer) ২৯৪

বিধি ৬৩। বাতিল করা হইয়াছে। (Omitted) 294

## সাধারণভাবে বিক্রয় Sale Generally


বিধি ৬৪। ক্রোককৃত সম্পত্তি নিলামে বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ পাওনাদারকে প্রদানের আদেশ দেওয়ার ক্ষমতা (Power to order property attached to be sold and proceeds to be paid to person entitled) ২৯৪

বিধি ৬৫। কে নিলাম পরিচালনা করিবেন এবং কিভাবে নিলাম হইবে (Sales by whom conducted and how made) 296

বিধি ৬৬। প্রকাশ্য নিলামে বিক্রয়ের ইশতেহার (Proclamation of sales by public auction) ২৯৭

বিধি ৬৭। ইশতেহার দেওয়ার পদ্ধতি (Mode of making proclamation) ৩০৪

বিধি ৬৮। নিলাম বিক্রয়ের সময় (Time of sale) ৩০৪

বিধি ৬৯। নিলাম বিক্রয় মুলতবী বন্ধ করা (Adjournment or stoppage of sale) ৩০৫

বিধি ৭০। কতিপয় নিলাম বিক্রয় রক্ষাকারী (Saving of certain sales) 307

বিধি ৭১। পুনরায় নীলাম বিক্রয়ে লোকসান হইলে অপারগ ক্রেতার কৈফিয়ৎ দিতে হইবে (Defaulting purchaser answerable for loss on resale) ৩০৭

বিধি ৭২। ডিক্রীদার বিনা অনুমতিতে নিলাম ডাকিবেন বা সম্পত্তি খরিদ করিবে না (Decree-holder not to bid for or by property without permission) ৩০৮

বিধি ৭৩। নিলাম ডাকা বা খরিদ করিবার ব্যাপারে সরকারী কর্মচারীদের উপর বিধিনিষেধ (Restriction on bidding or purchaser by officers) ৩০৯


## অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয় Sale of Movable Property


বিধি ৭৪। কৃষিজাত দ্রব্যের নিলাম বিক্রয় (sale of agricultural produce) ৩১০

বিধি ৭৫। ক্ষেতের ফসল সম্পর্কে বিশেষ বিধান (Special provisions relating to growing crops) ৩১১

বিধি ৭৬। হস্তান্তরযোগ্য দলিল ও কর্পোরেশনের অংশ (Negotiable instruments and shares in corporations) ৩১১
বিধি ৭৭। প্রকাশ্য নিলামে বিক্রয় (Sale by public auction) ৩১২
বিধি ৭৮। অনিয়মের দরুন বিক্রয় বাতিল হয় না, কিন্তু ক্ষতিগ্রস্ত যে কোন ব্যক্তি মামলা করিতে পারে (Irregularity not to vitiate sale, but any person injured may sue) ৩১২
বিধি ৭৯। অস্থাবর সম্পত্তি, ঋণ এবং শেয়ার অর্পণ (Delivery of movable property, debts and shares) ৩১৩
বিধি ৮০। হস্তান্তরযোগ্য দলিল ও শেয়ার হস্তান্তর (Transfer of negotiable instruments and share) 314
বিধি ৮১। অন্যান্য সম্পত্তির মালিকানা প্রদান সংক্রান্ত আদেশ (Vesting order in case of other property) 315

**স্থাবর সম্পত্তির নিলাম বিক্রয় Sale of Immovable Property**

বিধি ৮২। কোন আদালত নিলাম বিক্রয়ের আদেশ দিতে পারেন (What Courts may order sales) ৩১৫
বিধি ৮৩। সাব্যস্ত দেনাদারকে ডিক্রীর টাকা সংগ্রহের সুযোগ দান কল্পে নিলাম বিক্রয় স্থগিত রাখা (Postponement of sale to enable judgment-debtor to raise amount of decree) ৩১৬
বিধি ৮৪। খরিদ্দার কর্তৃক জমাদান ও ব্যর্থতার জন্য পুনঃবিক্রয় (Deposit by purchaser and re-sale on default) ৩২৫
বিধি ৮৫। খরিদ মূল্যে সম্পূর্ণ পরিশোধের সময় (Time for payment in full of purchase-money) ৩২৫
বিধি ৮৬। মূল্য পরিশোধে অপারগ হইলে সেই ক্ষেত্রে পদ্ধতি (Procedure in default of payment) ৩২৮
বিধি ৮৭। পুনরায় নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি (Notification on re-sale) ৩২৮
বিধি ৮৮। নিলাম ডাকের ব্যাপারে সম্পত্তির শরীকের অগ্রাধিকার (Bid of co-sharer to have preference) ৩২৮
বিধি ৮৯। নির্ধারিত টাকা জমা দিয়া নিলাম রদের আবেদন (Application to set aside sale on deposit) ৩২৯

বিধি ৯০। অনিয়ম বা প্রতারণার অজুহাতে নিলাম রদের আবেদন (Application to set aside sale on ground of irregularity or fraud) ৩৩৩
বিধি ৯১। সম্পত্তিতে সাব্যস্ত দেনাদারের বিক্রয়যোগ্য স্বার্থ নিহিত নাই, এই অজুহাতে খরিদ্দার কর্তৃক নিলাম রদের আবেদন (Application by purchaser to set aside sale on ground of judgment debtor having no saleable interest) ৩৪৮
বিধি ৯২। নিলাম বিক্রয় কখন চূড়ান্ত হইবে বা রদ করা যাইবে (Sale when to become absolute or be set aside) ৩৪৮
বিধি ৯৩। কতিপয় ক্ষেত্রে খরিদ মূল্য ফেরত দেওয়া (Return of purchase money in certain cases) ৩৫০
বিধি ৯৪। খরিদ্দারকে সার্টিফিকেট দেওয়া (Certificate to purchaser) ৩৫১
বিধি ৯৫। সাব্যস্ত দেনাদারের দখলী সম্পত্তি অর্পণ (Delivery of property in occupancy of judgment-debtor) ৩৫৩
বিধি ৯৬। প্রজার দখলী সম্পত্তি অর্পণ (Delivery of property in occupancy of tenant) ৩৫৬

## ডিক্রীদার বা নিলাম খরিদ্দারকে সম্পত্তি অর্পণে বাঁধা সৃষ্টি

## Resistance to Delivery of Possession to Decree-holder or Purchaser

বিধি ৯৭। স্থাবর সম্পত্তির দখল দানে বাঁধা না প্রতিবন্ধকতা (Resistance or obstruction to possessing of immovable property) ৩৫৭
বিধি ৯৮। সাব্যস্ত দেনাদার কর্তৃক বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি (Resistance or obstruction by Judgment-debtor) 362
বিধি ৯৯। আইনসম্মত দাবীদার কর্তৃক বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি (Resistance or obstruction by bona fide claimant) 363
বিধি ১০০। ডিক্রীদার বা নিলাম খরিদ্দার কর্তৃক বেদখল হইলে (Dispossesion by decree-holder or purchaser) ৩৬৬

বিধি ১০১। আইন সম্মত দাবীদারকে দখলে পুনঃপ্রতিষ্ঠিত করিতে হইবে (Bona fide claimant to be restord to possession) ৩৬৯
বিধি ১০২। মামলা চলাকালে হস্তান্তরসূত্রে প্রাপকের বেলায় যে সমন বিধি প্রযোজ্য হইবে না (Rules not applicale to transferee lite bendente) ৩৭০
বিধি ১০৩। নিয়মিত মোকদ্দমা সাপেক্ষে আদেশ চূড়ান্ত হইবে (Orders conclusive subject to regular suit) ৩৭০

**১। পরিশিষ্ট-ঙ, ডিক্রিজারী** ৩৭৩
২। আদেশনামা =৪৬ নিয়ম ৩৭৪
৩। ডিক্রি জারির জন্য অন্য আদালতে প্রেরণের আদেশ ২১শ আদেশ, ৬ নিয়ম ৩৭৫
৪। ডিক্রির টাকা পরিশোধ না হওয়া সম্পর্কে সার্টিফিকেট ২১শ আদেশ, ৬ নিয়ম ৩৭৬
৫। এই আদালতে প্রেরিত ডিক্রি জারির সার্টিফিকেট ২১শ আদেশ, ৬নিয়ম ৩৭৬
৬। সম্পত্তির বিবরণ (যেইক্ষেত্রে স্থাবর সম্পত্তি ক্রোক ও নিলাম বিক্রয়ের প্রার্থনা করা হইয়াছে। ৩৭৬
৭। ডিক্রি জারির আদেশ কেন দেওয়া হইবে না তাহার কারণ দর্শাইবার নোটিশ। ২১শ আদেশ, ১৬ নিয়ম ৩৭৭
৮। টাকা আদায়ের ডিক্রি জারির দরুন অস্থাবর সম্পত্তি ক্রোকের পরোয়ানা। ২১শ আদেশ, ৩০ বিধি ৩৭৭
৯। ডিক্রি মোতাবেক নির্দিষ্ট অস্থাবর সম্পত্তি আটক করার পরোয়ানা। ২১শ আদেশ, ৩১ নিয়ম ৩৭৮
১০। দলিলের খসড়া সম্পর্কে আপত্তি উল্লেখ করার জন্য নোটিশ। ২১শ আদেশ, ৩৪ নিয়ম ৩৭৯
১১। জমির দখলদারের জন্য পেয়াদার প্রতি পরোয়ানা ২১শ আদেশ, ৩৫ নিয়ম ৩৮০
১২। গ্রেফতারী পরোয়ানা কেন জারি করা হইবে না তাহার কারণ দর্শাইবার নোটিশ ২১ আদেশ, ৩৭ নিয়ম ৩৮১

৩১। নিলাম খরিদ্দার কর্তৃক টাকা পরিশোধের অপারগতাহেতু সম্পত্তি পুনরায় নিলাম করা হইলে যদি মূল্য ঘাটতি হয়, তৎসম্পর্কে নিলাম পরিচালনাকারী অফিসারের সার্টিফিকেট। ২১শ আদেশ, ৭১ নিয়ম ৪০০

৩২। ডিক্রি জারির দরুন নিলামে বিক্রিত অস্থাবর সম্পত্তি দখলকারের প্রতি নোটিশ। ২১শ আদেশ, ৭১ নিয়ম ৪০১

৩৩। ডিক্রি জারির দরুন পাওনা টাকা নিলামে বিক্রয় হইলে খরিদ্দার ব্যতীত অপর কাহাকেও উহা প্রদানের বিরুদ্ধে নিষেধাজ্ঞা। ২১শ আদেশ, ৭৯ নিয়ম ৪০২

৩৪। ডিক্রি জারির দরুন বিক্রিত শেয়ার হস্তান্তরের বিরুদ্ধে নিষেধাজ্ঞা ২১শে আদেশ, ৭৯ নিয়ম ৪০৩

৩৫। সাব্যস্ত-দেনাদারকে সম্পত্তি বন্ধক বা ইজারা দেওয়া অথবা বিক্রয় করার ক্ষমতা প্রদানের সার্টিফিকেট। ২১শ আদেশ, ৮৩ নিয়ম ৪০৪

৩৬। কেন নিলাম রদ করা হইবে না, তাহার কারণ দর্শাইবার নোটিস ২১শ আদেশ, ৯০ ও ৯২ নিয়ম ৪০৫

৩৭। নিলামে বিক্রিত সম্পত্তিতে সাব্যস্ত-দেনাদারের স্বত্ব ছিল না এই অজুহাতে নিলাম রদের আবেদন প্রসঙ্গে কারণ দর্শাইবার নোটিস। ২১শ আদেশ, ৯০ ও ৯২ নিয়ম ৪০৬

৩৮। জমির নিলামে বিক্রয়ের সার্টিফিকেট ২১শ আদেশ, ৯৪ নিয়ম ৪০৭

৩৯। ডিক্রি জারির দরুন নিলামে বিক্রিত জমি অনুমোদিত ক্রেতাকে প্রদানের আদেশ ২১শ আদেশ, ৯৫ নিয়ম ৪০৭

৪০। ডিক্রি জারিতে বাধাদানের অভিযোগ সম্পর্কে জবাব দানের জন্য হাজিরার সমন ২১শ আদেশ, ৯৭ নিয়ম ৪০৮

৪১। কারাগারে সোপর্দ করার পরোয়ানা ২১শ আদেশ, ৯৭ নিয়ম ৪০৯

৪২। প্রকাশ্য নিলামে জমি বিক্রয় স্থগিত রাখার জন্য কালেক্টরকে ক্ষমতা প্রদান ৪১০

## পারিবারিক আদালত আইন, ২০২৩

### পারিবারিক আদালতের ডিক্রি বলবৎকরণ

ধারা-১৭। ডিক্রি বলবৎকরণ ৪১১

## অর্থঋণ আদালত আইন

### ৬ষ্ঠ পরিচ্ছেদ-জারী সংক্রান্ত

প্রথম অধ্যায়

# ডিক্রি জারি

## ডিক্রি জারি বলতে কি বুঝেন?

## ডিক্রি জারি (Execution of Decree)

ডিক্রিজারিকরণ বলতে আদালতের কার্যপ্রণালীর মাধ্যমে ডিক্রি বলবৎকরণ (Enforcement of decree) কে বুঝায় যার ফলে ডিক্রিপ্রাপক মোকদ্দমার রায়ের ফলাফল গ্রহণ করতে পারে। অন্য কথায়, আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রীর বাস্তবায়নকে ডিক্রী জারি বুঝায়। আদালত কর্তৃক প্রচারিত ডিক্রীকে বাস্তবায়নের ব্যবস্থা বা কার্যক্রমকে ডিক্রী বা আদেশ জারি (Execution of decree) বলে। ডিক্রীর ফল ভোগ করতে হলে ডিক্রী জারি করতে হবে। অন্যথায়, ডিক্রী মূল্যহীন (worthless decree) হবে।

## ডিক্রি জারির বিধানাবলী

ডিক্রী জারি সংক্রান্ত বিধান দেওয়ানী আইনের সবচেয়ে জটিল ও কঠিন বিষয়। দেওয়ানি কার্যবিধি, ১৯০৮-এর ৩৬-৭৪ ও ১৩৫ ধারা এবং ২১ আদেশের ১-১০৩ বিধিতে ডিক্রী জারি সংক্রান্ত বিধি-বিধান বর্ণিত হয়েছে।

ক. দেওয়ানি কার্যবিধির ৩৮ ধারা মোতাবেক, যে আদালত ডিক্রি প্রদান করেছেন, সে আদালত বা যে আদালতে তা জারির জন্য প্রেরিত হয়েছে, সে আদালত ডিক্রি জারি করতে পারেন (A decree may be executed either by the Court which passed it, or by the Court to which it is sent for execution.) ও

খ. দেওয়ানি কার্যবিধির ৪৮ ধারার বিধান মোতাবেক, নিষেধাজ্ঞা (injunction) ছাড়া অন্য কোন ডিক্রি জারির আবেদন (any fresh application) ১২ বছরের ভিতর করতে হবে। তবে Limitation Act, 1908 এর ১৮২ অনুচ্ছেদ অনুসারে প্রথম জারি মামলা ৩ বছরের মধ্যে দায়ের করতে হবে; অথবা যদি ডিক্রী বা আদেশের জাবেদা নকল নিবন্ধিত হয় তাহলে ৬ বছরের মধ্যে দায়ের করতে হবে। প্রথম, দ্বিতীয় বা পরবর্তী ডিক্রী জারির মামলা খারিজ বা নিষ্পত্তি হওয়ার ৩ বছরের মধ্যে দ্বিতীয় বা পরবর্তী ডিক্রী জারির মামলা করতে হবে এবং ১২ বছরের মধ্যে সকল ডিক্রী জারির মামলার তামাদি মেয়াদ শেষ হবে।

ঝঞ. দেওয়ানি কার্যবিধি আইনের ৫১ ধারা অনুযায়ী আদালত ডিক্রিদারের আবেদনক্রমে নিম্নবর্ণিত ৫টি উপায়ে ডিক্রি জারি কার্যকর (Mode of execution of decree) করতে পারেন-

১. ডিক্রিভুক্ত সম্পত্তি অর্পণের মাধ্যমে (by delivery of any property specifically decreed);

২. কোন সম্পত্তি ক্রোক ও বিক্রয় এর মাধ্যমে (by attachment and sale or by sale: without attachment of any property):

৩. দেনাদারকে গ্রেফতার ও কারাগারে আটকের মাধ্যমে (by arrest and detention in prison);

৪. রিসিভার নিয়োগের মাধ্যমে (by appointing a receive);

৫. প্রয়োজন মোতাবেক অন্য কোন উপায়ে (in such other manner as the nature of the relief granted may require);

ডিক্রিটি অর্থ পরিশোধের জন্য হলে দেনাদারকে কারাগারে সোপর্দ বা আটক করা হবে না। তবে আদালত নিম্নে বর্ণিত কারণে দেনাদারকে দেওয়ানি কারাগারে আটকের আদেশ দিতে পারেন-

১. দেনাদার ডিক্রি জারিতে বিলম্ব বা বাধা দেয়।

২. আত্মগোপন বা আদালতের এখতিয়ারের বাইরে চলে যাওয়ার সম্ভাবনা থাকলে। ৩. সম্পত্তি অসাদুপায়ে স্থানান্তর বা অপসারণের চেষ্টা করলে।

৪. ডিক্রির টাকা পরিশোধের অর্থ থাকার পরও পরিশোধ করতে অবহেলা বা অস্বীকার করলে।

**ডিক্রি জারিতে কোন কোন সম্পত্তি ক্রোক করা যায়**

[Property liable to attachment and sale in execution of decree.]

দেওয়ানি কার্যবিধির ৬০ ধারায় কোন সম্পত্তি ক্রোক করা যায় এবং এবং ৬১ ধারায় কোন সম্পত্তিটি ক্রোক করা যায় না সে বিধান বর্ণিত আছে। দেওয়ানি কার্যবিধির ধারা-৬০ এ বলা হয়েছে যে, নিম্নলিখিত সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের মাধ্যমে ডিক্রি জারি করা যায়-

১. ভূমি (lands):

২. বাড়ি ও দালান-কোঠা (houses or other buildings);

৩. ব্যাঙ্ক চিঠি (bank-notes);

৪. চেকসমূহ (cheques):

৫. বাণিজ্যিক বিল

৭. প্রতিশ্রুতিপত্র (promissory notes)

৮. সরকারি ঋণপত্র:

৯. তমসুক বা ঋণের দলিল (bonds or other securities for money);

১০. অন্যান্য ঋণপত্র:

১১. কোন সংস্থার শেয়ার (shares in a corporation); এবং

দেওয়ানি কার্যবিধি আইনের ৬০নং ধারায় বর্ণিত পরিধেয় বস্তু, রন্ধন সামগ্রী, হালের লাঙ্গল প্রভৃতি কতকগুলি সম্পত্তি ব্যতীত রায় দায়িকের অন্যান্য বিক্রয়যোগ্য স্থাবর ও অস্থাবর সম্পত্তি বা অন্যান্য এমন সম্পত্তি, যা রায় দায়িকের বিক্রয় করার অধিকার রয়েছে। অথবা এমন লাভের বিষয় যার উপর রায় দায়িকের অধিকার আছে। এই সমুদয় সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের মাধ্যমে ডিক্রি জারি করা যেতে পারে।

## ডিক্রি জারিকরণে কী কী সম্পত্তি ক্রোক ও বিক্রয় করা যেতে পারে না

দেওয়ানি কার্যবিধির ৬০ ধারার বিধান মতে, নিম্নোক্ত বিষয়াবলি ক্রোক বা বিক্রয় করা যাবে না-

ক. সাব্যস্ত দেনাদার, তাঁর স্ত্রী এবং সন্তানগণের প্রয়োজনীয় পরিধেয় বস্ত্র, রান্নার বাসনপত্র, বিছানা পত্র এবং এমন গহনা যা ধর্মীয় বিধানানুসারে কোন মহিলার পক্ষে হাতছাড়া করা সম্ভব নয়,

খ. কারিগরের যন্ত্রপাতি এবং যদি সাব্যস্ত দেনাদার একজন কৃষিজীবী হন তবে তাঁর চাষের হাতিয়ার, গো-মহিষাদি ও বীজ যা আদালতের মতে তার জীবিকা অর্জনের জন্য প্রয়োজন এবং কৃষিজাত দ্রব্যের অংশ বিশেষ যা পরবর্তী ধারাগুলোতে বর্ণিত বিধানে দায় মুক্তি বলে ঘোষিত;

গ. কোন কৃষকের মালিকানায় এবং তার দখলকৃত কোন বাসভূমি ও অন্যান্য ইমারত (এর মাল মসলা এবং অবস্থান ও এতে প্রত্যক্ষভাবে সংযুক্ত ভূমিসহ যা তাদের ব্যবহারের জন্য প্রয়োজনীয়)।

ঘ. হিসাবের খাতাপত্র,

ঙ. ক্ষতিপুরণের জন্য মোকদ্দমা দায়ের করিবার একমাত্র অধিকার;

চ. ব্যক্তিগত সেবার অধিকার:

ছ. সরকারি পেনশন ভোগীদের বৃত্তি এবং এককালিন সাহায্য অথবা সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন প্রচারের মাধ্যমে প্রদেয় চাকরিজিবি পরিবারের পেনশন তহবিল হতে প্রাপ্য সাহায্য এবং রাজনৈতিক পেনশন:

জ. টাকায় অথবা দ্রব্যে পরিশোধযোগ্য শ্রমিক ও গৃহভৃত্যের মজুরী:

ঝ. বেতনের প্রথম একশত টাকা এবং অবশিষ্ট টাকার অর্ধেক:

তবে শর্ত এই যে, প্রজাতন্ত্রের কোন কর্মচারী অথবা রেলের কর্মচারী অথবা স্থানীয় কোন কর্তৃপক্ষের কর্মচারীগণের বেতন এইরূপভাবে ক্রোক করা হলে, বেতনের যে অংশ ক্রোকযোগ্য যা মাঝে মাঝে বা একযোগে চব্বিশ মাস যাবৎ ক্রোকাবদ্ধ আছে, তা পরবর্তী বার মাস ক্রোক হতে অব্যাহতি পাবে এবং সেই ক্রোক একই ডিক্রির জন্য হলে সেই ডিক্রির জন্য। ক্রোক হতে তা চূড়ান্তভাবে অব্যাহতি পাবে:

ঞ. যাদের বেতন ও ভাতার ওপর Army Act, 1952, Navy Ordinance, 1961, অথবা the Air Force Act, 1953, প্রযোজ্য তাঁদের বেতন ও ভাতা:

ট. সকল ধরনের বাধ্যতামূলক সঞ্চয় এবং the Provident Funds Act, 1825. এর আওতাধীন জমা দেওয়া অথবা তা হতে প্রাপ্ত সমুদয় অথবা যা আইনানুসারে ক্রোকের যোগ্য নয় বলে ঘোষণা করা হয়েছে:

ঠ. প্রজাতন্ত্রের কর্মচারী, রেলের কর্মচারী ও স্থানীয় কোন কর্তৃপক্ষের কর্মচারীগণের প্রাপ্য যে ভাতা তার বেতনাদির অংশ হিসাবে গণ্য নয় যা সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে ক্রোক হতে অব্যাহতি লাভ করেছে তা এবং সাময়িকভাবে বরখাস্তকৃত হয়েছে। এইরূপ কোন কর্মচারীর জীবন ধারণের জন্য যে ভাতা মঞ্জুর করা:

ড. কারও মৃত্যুর পরে উত্তরাধিকারী হওয়ার প্রত্যাশা বা শুধু অন্য কোন সম্ভাব্য বা সম্ভবপর অধিকার বা স্বার্থ:

ঢ. ভবিষ্যত খোরপোষ পাওয়ার অধিকার:

ণ. বাংলাদেশের কোন আইনানুসারে ডিক্রি জারির জন্য ক্রোক ও নিলাম বিক্রয় হতে অব্যাহতি প্রাপ্ত কোন ভাতা:

ত যেক্ষেত্রে সাব্যস্ত দেনাদার ভূমি রাজস্ব প্রদানের জন্য দায়ী থাকে সে ক্ষেত্রে বর্তমানে বলবৎ কোন আইনানুসারে বকেয়া ভূমি রাজস্ব। পরিশোধের জন্য নিলাম বিক্রয় অব্যাহতি প্রাপ্ত অস্থাবর সম্পত্তি।

দেওয়ানী কার্যবিধির বিধান মতে উপরে উল্লিখিত সম্পদের বেলায় ক্রোক করা যাবে না।

দ্বিতীয় অধ্যায়
## ডিক্রি জারি সংক্রান্ত দেওয়ানি কার্যবিধির ধারাসমূহ

## PART II
## Execution
## General

**36. Application to orders.**The provisions of this Code relating to the execution of decrees shall, so far as they are applicable, be deemed to apply to the execution of orders.

দ্বিতীয় খণ্ড
## জারি
## সাধারণ

ধারা ৩৬। আদেশ জারী—ডিক্রী জারী সম্পর্কে এই আইনের বিধানসমূহ যথাসম্ভব আদেশ জারীর ক্ষেত্রে ও প্রযোজ্য হইবে।

## Case Law

(১) ধারা ৩৬ এবং ৩৫ এ মামলাটি একটি চটকদার মামলা, যা বিবাদীদের ডিক্রি হোলন্ডারকে হুকুমের ফল থেকে উপভোগের থেকে বঞ্চিত করে। ততদিনে ১৬ বছর ধরে তীব্র মামলাটির কভারেজের অধীনে চলে গেছে। উপরোক্ত উপায়ে এবং দেওয়ানি কার্যবিধির ধারা ৩৫ এ এর অধীন প্রদত্ত আমাদের ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে, আমরা প্রতিবাদকারীর বিরুদ্ধে ১,০০,০০০ টাকা (এক লক্ষ) খরচ করি।

**জি কে.ব্রাদার্স বনাম। ইম্পেরিয়াল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ লিমিটেড; ৬৫ ডিএলআর (২০১৩) হাইকোর্ট-৫৪৩**

**দেখুন ৩২ বিএলডি (২০১২) হাইকোর্ট-৫১।**

**(2) Section 36, 2 (4) AND OR. 21 RULE 35, READ WITH STATE ACQUISITION & TENANCY ACT, 1950, S. 96.**

APPLICABILITY OF S. 36 IN EXECUTION OF PRE-EMPTION ORDER AND DELIVERY OF POSSESSION OF A DISPUTED PROPERTY.

**Held :** An order of pre-emption passed u/s 96 of the State Acquisition and Tenancy Act is an 'order' within the meaning of

Sec. 2(14) C.P.C. and as such the provision of Sec. 36 of the Code will apply in terms to the execution of such an order for delivery of possession as contemplates in sec. 96(7) read with sec. 96(9)(C) of the State Acquisition & Tenancy Act, and it comes under Order 21, Rule 35, C.P.C. for the execution purpose.

**Haji Md. Shariatullah Vs. Asrafun Nessa Bibi & others**
**28 DLR (1976) (AD) 91.**

**(২) ধারা ৩৬, ২ (৪) এবং দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ বিধি ৩৫, রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯৬ ধারার সাথে পঠিত।**

অগ্রক্রয়ের আদেশ কার্যকর করার ক্ষেত্রে ও বিরোধপূর্ণ সম্পত্তির দখল হস্তান্তরের ক্ষেত্রে ধারা ৩৬ এর প্রযোজ্যতা।

**রায়ঃ** রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারার অধীনে প্রদত্ত অগ্রক্রয়ের আদেশটি দেওয়ানি কার্যবিধির ২(১৪) ধারার অর্থে একটি "আদেশ" হিসেবে গণ্য হয়। সেহেতু, দেওয়ানি কার্যবিধির ৩৬ ধারার বিধান এমন আদেশ কার্যকর করার ক্ষেত্রে প্রযোজ্য, যা ধারা ৯৬(৭) ধারা ৯৬(৯)(গ) এর সাথে পাঠ করলে স্পষ্ট হয় যে এটি সম্পত্তির দখল হস্তান্তরের আদেশ। এই প্রক্রিয়াটি দেওয়ানি কার্যবিধির আদেশ ২১, বিধি ৩৫ এর অধীনে কার্যকর করার জন্য বিবেচিত হবে।

**হাজী মোঃ শরীয়তুল্লাহ বনাম আসরাফুন নেছা বিবি ও অন্যান্য**
**২৮ ডিএলআর (১৯৭৬) (আপিল বিভাগ) ৯১**

**(3) Section-36—Division of lands held jointly**-An order for division of lands under section 88, Bengal Tenancy Act, being an order passed by a Civil Court, under the provisions of sec. 36 C.P. Code, is executable as such and therefore an order directing division of a tenure of holding held jointly can be executed by physical divisions of the tenure or holding, as the case may be, amongst the co-sharers, even though some of them had exclusive possession of specific plots.

**Ram Tavan Vs. Sukumari Debi, (1953) 5 DLR 351.**

**(৩) ধারা ৩৬-যৌথভাবে ধারণ করা জমির বণ্টন**-বঙ্গীয় প্রজাস্বত্ব আইনের ৮৮ ধারার অধীনে জমি বণ্টনের আদেশ, যেহেতু এটি দেওয়ানি আদালত কর্তৃক গৃহীত আদেশ এবং দেওয়ানি কার্যবিধির ধারা ৩৬ এর অধীনে প্রদত্ত, তাই এটি সেইভাবেই কার্যকরযোগ্য, ফলে, যৌথভাবে ধারণ করা কোনো তালুক বা জোত

বন্টনের জন্য প্রদত্ত আদেশটি প্রকৃতভাবে বন্টনের মাধ্যমে কার্যকর করা যেতে পারে, এমনকি যদি তাদের মধ্যে কিছু অংশীদার নির্দিষ্ট প্লটের একচ্ছত্র দখলদারও হয়ে থাকে।

**রাম তবন বনাম সুকুমারী দেবী, (১৯৫৩) ৫ ডিএলআর ৩৫১।**

**(4) Section 36**—If a judgement is passed on admission then no decree need be drawn up and the plaintiff may enforce payment of the amount in pursuance of the judgment.

**Messrs. Kadam Rasul Silicate Works Vs. Sonali Bank, 37 DLR 215.**

(৪) ধারা ৩৬-যদি কোনো রায় স্বীকৃতির ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে কোনো ডিক্রি প্রস্তুত করার প্রয়োজন নেই এবং বাদী রায়ের পরিপ্রেক্ষিতে নির্ধারিত অর্থপ্রাপ্তি কার্যকর করতে পারবেন।

**মেসার্স কদম রসুল সিলিকেট ওয়ার্কস বনাম সোনালী ব্যাংক, ৩৭ ডিএলআর ২১৫।**

**37. Definition of Court which passed a decree**—The expression "Court which passed a decree," or words to that effect, shall, in relation to the execution of decrees, unless there is anything repugnant in the subject or context, be deemed to include,-

(a) where the decree to be executed has been passed in the exercise of appellate jurisdiction, the Court of first instance, and

(b) where the Court of first instance has ceased to exist or to have jurisdiction to execute it, the Court which, if the suit wherein the decree was passed was instituted at the time of making the application for the execution of the decree, would have jurisdiction to try such suit.

**ধারা ৩৭। ডিক্রীদানকারী আদালতের সংজ্ঞা**—"যে আদালত ডিক্রী প্রদান করিয়াছেন" বলিতে বা অনুরূপ কোন বাক্য দ্বারা ডিক্রী জারীর ব্যাপারে সংশ্লিষ্ট প্রসঙ্গ বা বিষয়বস্তুতে বিপরীত কিছু না থাকিলে নিম্নলিখিত জিনিসও আদালত বুঝাইবে,-

(ক) জারীযোগ্য ডিক্রি আপীল আদালত কর্তৃক প্রদত্ত হইলে মূল আদালত , এবং